রামনগর ফুটবল টুর্নামেন্টে ৩য় কোয়ার্টার ফাইনালে রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৩য় কোয়ার্টার ফাইনাল খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

রবিবার বিকালে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৩-০ গোলে গাড়াডোব একাদশকে পরাজিত করে। রামনগর একাদশের ৭ নং জার্সি পরিহিত দলীয় অধিনায়ক পেনাল্টিতে একটি, ৯ নং জার্সি পরিহিত রিজন একটি, ১০নং জার্সী পরিহিত সাব্বির ১টি গোল করেন। রামনগর একাদশের মিডফিল্ডার তাইবুর ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থি থেকে খেলাটি উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শফিকুল ইসলাম মোল্লা।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ- সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থি ছিলেন। খেলাটি পরিচালনা করেন রেফারি সোহেল সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির।

আগামী কাল সোমবার ফারুক লাইব্রেরী এন্ড বল্লভপুর মর্নিং একাদশ বনাম নাজিরাকোনা একাদশ মুখোমুখী হবে।

হাইভোল্টেজ ম্যাচে আর্সেনালের বিপক্ষে ম্যানসিটির জয়

ইংলিশ প্রিমিয়ার লিগের হাইভোল্টেজ ম্যাচে আর্সেনালকে ১-০ গোলে হারিয়েছে ম্যানচেস্টার সিটি। সিটিজেনদের হয়ে একমাত্র গোল করেছেন রাহিম স্টার্লিং।

ইতিহাদে এদিন দু’দলই মাঠে নামে ৪-৩-৩ ফরমেশন নিয়ে। ম্যাচের শুরুতে আর্সেনাল বল নিজেদের আয়ত্তে নিলেও পরবর্তীতে স্বাগতিক ম্যানচেস্টার সিটিই আশার আলো দেখে। ২৩ মিনিটে একক নৈপুণ্যে সিটিজেনদের লিড এনে দেন রাহিম স্টার্লিং। ৩৯ মিনিটে গোল পরিশোধের দুর্দান্ত এক সুযোগ পেয়েও ফিনিশিংয়ের অভাবে গোলের দেখা পায়নি আর্সেনাল।

বিরতির পর কোন পরিবর্তন ছাড়াই মাঠে নামে দু’দল। পরে অবশ্য দু’দলই বেশ কয়েকটি পরিবর্তন আসে। তাতেও খুব একটা সুবিধা করতে পারেনি কেউই। আর্সেনাল বলার মত তেমন কোন ভালো সুযোগই তৈরি করতে পারেনি।

শেষপর্যন্ত এই এক গোলের জয় নিয়েই মাঠ ছাড়ে পেপ গার্দিওলার দল।

রামনগর ফুটবল টুর্নামেন্টে ২য় কোয়ার্টার ফাইনালে চাঁদপুর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ২য় কোয়ার্টার ফাইনাল খেলায় চাঁদপুর একাদশ জয়লাভ করেছে।

গতকাল শনিবার বিকেলে অনুষ্ঠিত খেলায় চাঁদপুর একাদশ ১-০ গোলে

ভবানন্দপুর একাদশকে পরাজিত করে। চাঁদপুর একাদশের ১০ নং জার্সি পরিহিত দলীয় অধিনায়ক সেলিম এক মাত্র গোলটি করে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শফিকুল ইসলাম মোল্লা।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লাসহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি, যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন রেফারি সোহেল। সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির। আজ রবিবার রামনগর একাদশ বনাম গাড়াডোব একাদশ মুখোমুখী হবে।

রাজস্থানকে হারিয়ে শীর্ষস্থান পুনরুদ্ধার দিল্লির

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) ষষ্ঠ জয়ে শীর্ষস্থান পুনরুদ্ধার করেছে দিল্লি ক্যাপিটালস।

আগের ম্যাচে মুম্বাই ইন্ডিয়ান্সের কাছে হেরে শীর্ষস্থান হারিয়েছিল দিল্লি। তবে পরের ম্যাচেই ঘুরে দাঁড়িয়েছে তারা। ধুকতে থাকা রাজস্থান রয়্যালসকে ১৩ রানে হারিয়ে শীর্ষস্থান পুনরুদ্ধার করে তারা।

দিল্লির সংগ্রহ ৮ ম্যাচ থেকে ১২ পয়েন্ট। সমান ম্যাচ থেকে ৬ পয়েন্ট সংগ্রহ করে রাজস্থান রয়েছে আট দলের মধ্যে সপ্তম স্থানে। বুধবার দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে দিল্লি প্রথমে ব্যাট করতে নেমে ৭ উইকেটে ১৬১ রান সংগ্রহ করে। জবাবে ৮ উইকেট

হারিয়ে ১৪৮ রানের বেশি করতে পারেনি রাজস্থান।

যদিও ব্যাট করতে নেমে শুরুটা ভালো হয়নি দিল্লির। শূন্যরানে প্রথম ও ১০ রানের মাথায় দ্বিতীয় উইকেট হারায় তারা। গোল্ডেন ডাক মেরে প্রথমে ফেরেন পৃথ্বি’শ। এরপর ২ রান করে আউট হন আজিঙ্কা রাহানে।

সেখান থেকে দলের হাল ধরেন শিখর ধাওয়ান ও অধিনায়ক শ্রেয়াস আয়ার। তারা তৃতীয় উইকেটে ৮৫ রানের জুটি গড়েন। দলীয় ৯৫ রানের মাথায় ধাওয়ান ফেরেন ফিফটি হাঁকিয়ে। ৩৩ বলে ৪ চার ও ২ ছক্কায় ৫৭ রান করে যান তিনি। ১৩২ রানের মাথায় আয়ারও ফিফটি করে সাজঘরে ফেরেন। তিনি ৪৩ বলে ৩ চার ও ২ ছক্কায় করেন ৫৩ রান। এরপর মার্কাস স্টয়েনিসের ১৮ ও আলেক্স চ্যারির ১৪ রানে ভর করে ১৬১ রানের সংগ্রহ পায় দিল্লি।

বল হাতে রাজস্থানের জোফরা আর্চার ৩টি ও জয়দেব উনাডকাড ২টি উইকেট নেন।

লক্ষ্য তাড়া করতে নেমে রাজস্থানের কয়েকজন ব্যাটসম্যান রান পেলেও ধারাবাহিক উইকেট পতনে জয়ের বন্দর থেকে ছিটকে যায় তারা। সর্বোচ্চ ৪১ রান করেন বেন স্টোকস। রবিন উথাপ্পার ব্যাট থেকে আসে ৩২ রান। এ ছাড়া সঞ্জু স্যামসন ২৫ ও জস বাটলার করেন ২২ রান।

বল হাতে দিল্লির তুষার দেশপান্ডে ২টি ও অ্যানরিচ নর্টজে ২টি উইকেট নেন। জস বাটলার ও রবীন উথাপ্পার উইকেট নেওয়া নর্টজে ম্যাচসেরা নির্বাচিত হন।

সূত্র- বিডি প্রতিদিন

ফের এমবাপের গোলে ক্রোয়েশিয়ার বিপক্ষে

ফ্রান্সের জয়

যেন আবারও দেখা মিলল ২০১৮ সালের বিশ্বকাপ ফাইনালের সেই ম্যাচ। বিশ্বসেরা ওই মঞ্চে দুর্দান্ত ক্রোয়েশিয়াকে হারায় ফ্রান্স। বিশ্বকাপের ফাইনালের সেই ম্যাচের মতই এবারের লড়াইয়েও গোলের দেখা পেলেন কিলিয়ান এমবাপে।

জাগরেভে বুধবার রাতে অনুষ্ঠিত উয়েফা নেশন্স লিগে ‘এ’ লিগের গ্রুপ ৩ এর ম্যাচে ক্রোয়েশিয়াকে ২-১ ব্যবধানে হারায় ফ্রান্স। ম্যাচের শুরুতেই অতোঁয়ান গ্রিজমানের গোলে এগিয়ে যায় তারা। দ্বিতীয়ার্ধে স্বাগতিক দল সমতা ফিরিয়ে বসলে শেষ দিকে অতিথিদের জয়সূচক গোলটি এনে দেন এমবাপে।

নিজেদের মাঠে ক্রোয়েশিয়া বল দখলে আধিপত্য দেখালে গোলের সুযোগ কাজে লাগাতে পারেনি দলটি। বরং তাদের রক্ষণভাগের দুর্বলতার সুযোগে খেলার অষ্টম মিনিটে এগিয়ে যায় ফ্রান্স। এমবাপের ফ্রি-কিকে সূত্রে বল পেয়ে ডি-বক্সের মাঝামাঝি থেকে গোলটি করেন গ্রিজমান।
এই গোলেই এগিয়ে থেকে বিরতিতে যায় ফ্রান্স। ম্যাচের ৬২তম মিনিটে সমতা ফেরায় ক্রোয়েশিয়া। সতীর্থ জোসিপ ব্রেকালোর পাসে ডান পায়ের শটে গোলটি করেন অ্যাটাকিং মিডফিল্ডার নিকোলা ভ্লাসিচ।

১-১ সমতায় এগিয়ে যাওয়া ম্যাচে ৭৯ তম মিনিটে পার্থক্য গড়ে দেন এমবাপে। লুকাস দিনিয়ের পাসে ডি-বক্সের মাঝ থেকে ডান পায়ের শটে গোলটি করেন তারকা এই ফরোয়ার্ড।

এই জয়ে চার ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে টেবিলের দ্বিতীয়স্থানে আছে ফ্রান্স। একই সংখ্যক ম্যাচ খেলে সমান পয়েন্ট পেলেও গোল ব্যবধানে এগিয়ে থাকায় শীর্ষে আছে দিনের অপর ম্যাচে সুইডেনকে ৩-০ গোলে হারানো পর্তুগাল।

রাশিয়া বিশ্বকাপের ফাইনালে ক্রোয়েশিয়াকে ৪-২ হারিয়ে দ্বিতীয়বারের মতো বিশ্ব চ্যাম্পিয়ন হয় ফ্রান্স। গত মাসে নেশন্স লিগের ম্যাচেও প্রতিপক্ষটিতে একই ব্যবধানে হারিয়েছিল তারা।

সূত্র- বিডি প্রতিদিন

আম্পায়ারের সিদ্ধান্তকে প্রভাবিত করায় তীব্র সমালোচনার মুখে ধোনি

আইপিএলের গুরুত্বপূর্ণ ম্যাচে সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে জয় পেয়েছে ধোনির চেন্নাই সুপার কিংস। ২০ রানে সিএসকে জিতলেও সোশ্যাল মিডিয়ায় ধোনিকে ধুয়ে দিয়েছেন নেটিজেনরা। আম্পায়ারের সিদ্ধান্তকে প্রভাবিত করায় ধোনিকে নিয়ে অসন্তুষ্ট অনেকেই।

মঙ্গলবার চেন্নাই সুপার কিংস বনাম সানরাইজার্স হায়দরাবাদের ম্যাচে হায়দরাবাদের ইনিংসের ১৯ তম ওভার বল করতে আসেন চেন্নাইয়ের শার্দুল ঠাকুর। প্রথম বলে ২ রান নেন রশিদ খান। দ্বিতীয় বল অফ স্টাম্পের অনেকটা বাইরে, ওয়াইড দেন আম্পায়ার। তারপরের বলও অনেকটা বাইরে করেন শার্দুল। স্পষ্ট দেখা যাচ্ছে ওয়াইড লাইনের বাইরে পড়েছে বল। ওয়াইড দেওয়ার জন্য কিছুটা হাত তুলে এগিয়েছিলেন আম্পায়ার পল রাফায়েল। কিন্তু মানতে পারেননি সিএসকে অধিনায়ক তথা উইকেটকিপার মহেন্দ্র সিং ধোনি। তিনি এমনভাবে তাকান যা দেখে প্রভাবিত হন আম্পায়ার! দুই হাত তুলে নিয়েও আম্পায়ার শেষ পর্যন্ত ধোনির দিকে তাকানোর পর নিজের সিদ্ধান্ত বদল করেন।

মহেন্দ্র সিং ধোনির মতো ক্রিকেটার মাঠে আম্পায়ারের সিদ্ধান্তকে প্রভাবিত করবেন, তা মেনে নিতে পারছেন না ক্রিকেটপ্রেমীরা। ক্যাপ্টেন কুলের এই আচরণে অবাক হয়েছেন অনেকেই। আইপিএলে আম্পায়ারিং নিয়ে প্রশ্ন যেমন উঠে গিয়েছে তেমনই সিএসকে-কে নিয়েও নানা প্রশ্ন।

সূত্র- বিডি প্রতিদিন

নেইমারের হ্যাটট্রিক, ব্রাজিলের রোমাঞ্চকর জয়

দুইবার পিছিয়ে পড়েও পেরু বিপক্ষে রোমাঞ্চকর জয় পেয়েছে ব্রাজিল। নেইমারের হ্যাটট্রিকে বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচে পেরুকে ৪-২ ব্যবধানে হারিয়েছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা।

এই জয়ে দক্ষিণ আমেরিকার বিশ্বকাপ বাছাইপর্বের প্রথম ধাপে ২ ম্যাচ শেষে শীর্ষে আছে তিতের শিষ্যরা।

কাতার বিশ্বকাপ বাছাইয়ের প্রথম ম্যাচে বলিভিয়ার বিপক্ষে বড় জয়ে পেরুর বিপক্ষে দারুণ আত্মবিশ্বাস নিয়েই মাঠে নেমেছিল ব্রাজিল। অপরদিকে ঘরের মাঠে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের মোকাবিলার আগে প্যারাগুয়ের বিপক্ষে ড্রয়ে উজ্জীবিত ছিল পেরু শিবিরও।

পেরুর এস্তাদিও ন্যাসিওনাল দে লিমায় অনুষ্ঠিত হয় এই ম্যাচ। শুরুতেই পিছিয়ে পড়ে তিতের শিষ্যরা। ষষ্ঠ মিনিটে স্বাগতিকদের এগিয়ে দেন আন্দ্রে কারিয়ো। তবে ব্যবধানটা বেশিক্ষণ ধরে রাখতে পারেনি তারা। ২৮তম মিনিটে পেনাল্টি থেকে ব্রাজিলকে সমতায় ফেরান নেইমার।

৫৯তম মিনিটে রেনাতো তাপিয়ার গোলে আবারও পিছিয়ে পড়ে ব্রাজিল। এবারও ব্যবধান বেশিক্ষণ ধরে রাখতে দেয়নি পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়নরা। রবার্তো ফিরমিনোর পাস থেকে ব্রাজিলকে সমতায় ফেরান রিচার্লিসন। আর ম্যাচের অন্তিম মুহুর্তে জ্বলে ওঠেন নেইমার। ৮৩তম মিনিটে পেনাল্টি থেকে নিজের দ্বিতীয় গোল করেন পিএসজি ফরোয়ার্ড।

এগিয়ে থাকার পরও উল্টো পিছিয়ে পড়ে ম্যাচের শেষদিকে ৯ জনের দল হয়ে পড়ে পেরু। উত্তেজনা ছড়ানো ম্যাচটিতে ৮৬তম মিনিটে তাদের কার্লোস চাচেদা এবং ৮৯তম মিনিটে কার্লোস জামব্রানো লাল কার্ড দেখে মাঠ ছাড়েন।

সেই সুযোগে হ্যাটট্রিক পূরণ করেন নেইমার। যোগ করা চতুর্থ মিনিটে দলের চতুর্থ গোলটি করেন তিনি। সেই সঙ্গে দুর্দান্ত মাইলফলক গড়ার পথে আরও একধাপ এগিয়ে গেলেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড।

জাতীয় দলের হয়ে রোনালদো নাজারিওকে টপকে ব্রাজিলের হয়ে সর্বোচ্চ গোলদাতাদের তালিকায় দ্বিতীয় স্থানে ওঠে এসেছেন তিনি। নেইমারের ওপরে আছেন কেবল ৯২ ম্যাচে ৭৭ গোল করা ফুটবল কিংবদন্তি পেলে। ফেনোমেনন খ্যাত রোনালদো ৯৮ ম্যাচে করেছেন ৬২ গোল। নেইমারের গোল সংখ্যা দাঁড়াল ৬৪। তার জন্য তাকে খেলতে হয়ছে ১০৩ ম্যাচ।

বলিভিয়ার বিরুদ্ধে পিছিয়ে পড়েও জিতল আর্জেন্টিনা

বলিভিয়ার বিরুদ্ধে পিছিয়ে পড়েও কষ্টার্জিত জয় পেয়েছে আর্জেন্টিনা। দু’বারের বিশ্ব চ্যাম্পিয়নরা বলিভিয়াকে হারিয়েছে ২-১ গোলে।

১-০ ব্যবধানে ইকুয়েডরকে হারিয়ে লাতিন আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইপর্ব অভিযান শুরু করেছিল লিওনেল মেসিরা। এবার বলিভিয়ার মাঠ এস্তাদিও হার্নান্দো সাইলেসে গিয়েও কঠিন পরীক্ষায় পড়তে হয় আর্জেন্টিনাকে।

স্বাগতিকরা এগিয়ে যায় ম্যাচের ২৪তম মিনিটে। আলেজান্দ্রো চুমাচেরোর অ্যাসিস্ট থেকে আর্জেন্টিনার জালে বল জড়িয়ে দেন মার্সেলো মার্টিন্স মোরেনো। তবে বিরতিতে যাওয়ার আগেই সমতায় ফেরে আর্জেন্টিনা। প্রথমার্ধের শেষ মিনিটে ব্যবধানটা ১-১ করেন লওতারো মার্তিনেস।

আর্জেন্টিনা দ্বিতীয় গোলটি পায় ৭৯তম মিনিটে। লওতারোর পাস থেকে মেসিদের জয়সূচক গোল এনে দেন বদলি হিসেবে নামা জোয়াকিন কোরেয়া। ২০০৫ সালের পর এই প্রথম বলিভিয়ায় মাটিতে জিতল আর্জেন্টিনা। এই জয়ে ২ ম্যাচে ৬ পয়েন্ট আদায় করে নিল মেসিরা।

হরিণাকুণ্ডুতে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার স্থানীয় ভাতুড়িয়া স্পোটিং ক্লাবের আয়োজনে অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকালে কুল্লগাছা ভাতুড়িয়া স্কুল মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়। ৪দলের এই প্রীতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় স্থানীয় কিংস ফাইটার ক্লাব ৩-১ গোলে ইয়াংস্টার ক্লাবকে পরাজিত করে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জণ করেছে।

ফাইনাল খেলার উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ফলসী ইউনিয়নের চেয়ারম্যান ফজলুর রহমান, চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম মোস্তফা, কাপাশহাটিয়া ইউনিয়নের চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু, সিনিয়র সাংবাদিক প্রভাষক শাহানুর আলম।

আরও উপস্থিত ছিলেন, স্পোটিং ক্লাবের সভাপতি এনামুল হক, সাধারণ সম্পাদক তুষার, যুবনেতা সাইদুর রহমান বিটু প্রমূখ।

খেলায় বিজয়ীদের হাতে ট্রফিতুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

উদ্বোধনী কালে প্রধান অতিথি বলেন, খেলার মাধ্যমে যুবসমাজকে মাদক এবং সান্ত্রাসী কার্যকলাপ থেকে দুরে রাখতে পারে, ক্লাবে শুধু খেলাধোলাই নয় সকল ভালকাজের সাথে নিজেদের সম্পৃক্ত করার আহবান জানান।

গাংনীর বালিয়াঘাটে ক্রীড়া প্রেমীদের মাঝে ফুটবল প্রদান

গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের বালিয়াঘাট গ্রামের ক্রীড়া প্রেমীদের মাঝে ফুটবল বিতরন করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে বামন্দীর জিয়া স্থানীয় খেলোয়াড়দের মাঝে দুটি বল প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা কৃষক লীগের সভাপতি মোশারেফ হোসেন শেখ, এ্যাডভোকেট মাহফুজুর রহমান সুই জজ কোর্ট মেহেরপুর, বালিয়াঘাট ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইকবাল শেখ, ইউপি সদস্য আশাদুল হক, বিদ্যালয়ের সভাপতি খোসরুল আলম বাদল, সমাজ সেবক মোজাম্মেল হক বিশ্বাস, আওয়ামী লীগ নেতা সিরাজুল ইসলাম বিআরএস সহ স্থানীয়রা। করোনাকালিন সময়ে মানুষের মাঝে স্বাস্থ্য সচেতনতাবৃদ্ধির জন্য বামন্দী ইউনিয়নের বেশ কয়েকটি ওয়ার্ডের সাধারন মানুষের মাঝে মাস্ক বিতরন করেন।

বল প্রদান অনুষ্ঠানে জিয়া বলেন, এখন কিছুটা করোনার প্রকোপ কম আছে, তাই বলে করোনাকে ভুলে গেলে চলবে না, সকলকে স্বাস্থ্য বিধি মেনে খেলাধুলা করতে হবে। সচেতন থাকবে হবে। পর্যায় ক্রমে বামন্দী ইউনিয়নের সকল ওয়ার্ডে ফুটবল প্রেমীদের মাঝে বল বিতরন করা হবে।